ইত্তেফাক

২/৫

তারিখ ৮/২/৮২
পৃষ্ঠা ... কলাম ...

০৫০

# ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠিত

তথ্য ও বেতার মন্ত্রণালয়ের সচিব জনাব খোরশেদ আলমকে চেয়ারম্যান করিয়া ১৯৮২ সালের জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠন করা হইয়াছে।

চেয়ারম্যানসহ এই বোর্ডের ২২ জন সদস্য হইতেছেন: তথ্য ও বেতার মন্ত্রণালয়ের (ফিল্ম) যুগ্ম সচিব জনাব নূরউদ্দিন আহমদ আল মাসুদ, ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যান, এফডিসি-র ব্যবস্থাপনা পরিচালক, তথ্য, বেতার ক্রীড়া ও সাংস্কৃতিক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাব্যবস্থাপক, শিশু একাডেমীর পরিচালক মিসেস জোবেদা খানম, জনাব এ কে এম জাকারিয়া, জনাব কামরুল হাসান, বাংলাদেশ অবজারভারের সম্পাদক জনাব ওবায়দুল হক, বিএফইউজের সভাপতি, রাষ্ট্র ও সমাজ বিজ্ঞান শিক্ষা কেন্দ্রের অধ্যক্ষ জনাব ফিরোজ নুন, জনাব মাহবুব জামিল, মিসেস নাদিরা কিবরিয়া, বাংলাদেশ জাতীয় শিশু সংগঠনের চেয়ারম্যান মিসেস মাসুদা হোসেন, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক সমিতির সভাপতি, বিদ্যা নিকেতনের প্রধান শিক্ষয়িত্রী মিসেস জেবুন্নেসা হোসেন, ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়রের মনোনীত একজন কমিশনার, চিত্রালী সম্পাদক জনাব আহমদ জামান চৌধুরী, মিসেস সেলিমা রহমান এবং বেগম শামসুন্নাহার আহসানউল্লাহ। খবর তথ্যবিবরণীর।